৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-১৩/২০২৪

তারিখ: ২১ কার্তিক, ১৪৩১ / ০৬ নভেম্বর, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
(শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় স্কীম-এর নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক পরিচালিত জাতীয় সঞ্চয় স্কীম-এর নীতিমালা সংশোধন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩ নভেম্বর, ২০২৪ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০.৩৫ নম্বর প্রজ্ঞাপনটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ৯৫৩০১৩১

Bangladesh Bank
Head Office, Dhaka.
Debt Management Department
Director (DMD)
04 NOV 2024
Additional Director-1. 2. 3. 4. 5
System Generated No-2639

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় অধিশাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০.৬৫      তারিখ: ১৮ কার্তিক, ১৪৩১ / ০৩ নভেম্বর, ২০২৪

## প্রজ্ঞাপন

সরকার জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'জাতীয় সঞ্চয় স্কিম' এর বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করিলঃ

১। জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'জাতীয় সঞ্চয় স্কিম' এর আওতাভূক্ত ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডের ন্যায় 'ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড' এ বিনিয়োগের ঊর্ধ্বসীমা প্রত্যাহার করা হইল।

২। জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিম্নোক্ত 'জাতীয় সঞ্চয় স্কিম' এর ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধা চালু করা হইল:

(ক) ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র, পেনশনার সঞ্চয়পত্র, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর ক্ষেত্রে শুধুমাত্র মূল বিনিয়োগকৃত অর্থ স্বয়ংক্রিয় পুন:বিনিয়োগ সুবিধা পাইবে;

(খ) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র এবং ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাব এর ক্ষেত্রে মুনাফাসহ মূলবিনিয়োগকৃত অর্থ পুন:বিনিয়োগ সুবিধা পাইবে;

(গ) ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের ক্ষেত্রে একবার প্রাপ্ত রেমিট্যান্স এর অর্থ দ্বারা ১ (এক) মেয়াদে বিনিয়োগ ও পরপর সর্বোচ্চ ২ (দুই) মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা প্রদান করা যাইবে; এবং ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর ক্ষেত্রে একবার প্রাপ্ত রেমিট্যান্স এর অর্থ দ্বারা ১(এক) মেয়াদে বিনিয়োগ ও পরপর সর্বোচ্চ ৪ (চার) মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা প্রদান করা যাইবে;

(ঘ) ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড; ইউএস ডলার প্রিমিয়াম বন্ড; এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডে বিনিয়োগ ও পুন:বিনিয়োগের মেয়াদ উত্তীর্ণ হইবার পর পুনরায় বিনিয়োগ করিতে হইলে নতুন করিয়া রেমিট্যান্স আনিয়া সম্পূর্ণ নতুনভাবে বিনিয়োগ করিতে পারিবেন;

(ঙ) জাতীয় সঞ্চয় স্কিমে স্বয়ংক্রিয় পুন:বিনিয়োগের ক্ষেত্রে, পুন:বিনিয়োগের তারিখ হইতে বিনিয়োগের ঊর্ধ্বসীমা প্রযোজ্য হইবে।

৩। বিদেশী মালিকানাধীন শিপিং বা এয়ার ওয়েজ কোম্পানির বিদেশস্থ অফিসে চাকুরীরত অনিবাসী বাংলাদেশী মেরিনার, পাইলট ও কেবিনক্রুদের নিজ নামে বাংলাদেশে কোন তফসিলী ব্যাংকের অথোরাইজড ডিলার (এডি) শাখায় বৈদেশিক মুদ্রা (এফসি) হিসাব থাকিলে, উক্ত এফসি একাউন্টে প্রাপ্ত রেমিটেন্স দ্বারা 'ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড' এ বিনিয়োগ করার সুযোগ পাইবে।

৪। 'পেনশনার সঞ্চয়পত্র' এ বিদ্যমান ত্রৈমাসিক ভিত্তিতে মুনাফা প্রদানের পরিবর্তে মাসিকভিত্তিতে মুনাফা প্রদান করা হইবে।

৫। এই আদেশ ০১ ডিসেম্বর,২০২৪ তারিখ হইতে কার্যকর হইবে।

৬। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৩.১১.২৪
মকিমা বেগম
উপসচিব
ইমেইল: mokima.begum@ird.gov.bd

চলমান পাতা

নং- ০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০. ৬৫/৭(১৫)

তারিখ: ১৮ কার্তিক, ১৪৩১
০৩ নভেম্বর, ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।

২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।

৮। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

৯। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১০। পরিচালক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১২। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।

১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

১৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৫। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।